# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**31 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

=======================================================

১) রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর সংসদের উভয় সভার যৌথ বৈঠকে ভাষণের মাধ্যমে দুমাসব্যাপী বাজেট অধিবেশন আজ থেকে আরম্ভ।

২) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের আগামীকাল লোকসভায় ২০২৫-২৬ অর্থবছরের কেন্দ্রীয় সাধারণ বাজেট দাখিল।

৩) রাজ্যে সরকারী চিকিৎসালয়গুলিতে আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে রোগীকে প্রদান করা প্রেসক্রিপসনে একটি ওয়াটসঅ্যাপ নম্বর সন্নিবিষ্ট করা হবে বলে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী অশোক সিংহলের ঘোষণা।

এবং

৪) উত্তরাখন্ডের দেরাদুনে আয়োজিত ৩৮ তম জাতীয় ক্রীড়া সমারোহে আসামের খেলোয়াড়দের বেশ কয়েকটি শাখায় সফলতা অর্জন।

---

সংসদের দুমাসব্যাপী বাজেট অধিবেশন আজ আরম্ভ হয়েছে । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মূ সংসদের উভয় সভার যৌথ বৈঠকে আজ ভাষন দেন । রাষ্ট্রপতি ভাষনের শুরুতে উত্তর প্রদেশের প্রয়াগরাজের কুম্ভমেলাতে পদপিষ্ট হয়ে নিহত ভক্তরা সহ গত ২৪ শে

ডিসেম্বর দেহাবসান হোয়া প্রাক্তন প্রধানমন্ত্রী ড: মনমোহন সিং এর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের তৃতীয় কার্যকালে উন্নয়নমূলক কাজকর্ম তিনগুণ ত্বরান্বিতভাবে হচ্ছে বলে উল্লেখ করে শ্রী মতী মূর্মু বলেন যে কেন্দ্রীয় সরকার দেশের বিকাশ ও জনসাধারণের কল্যাণের জন্য নিরন্তর কাজ করে যাচ্ছে । রাষ্ট্রপতি সরকারের বিভিন্ন প্রকল্পে আলোকপাত করে প্রধানমন্ত্রী আবাস যোজনা সম্প্রসারণের মাধ্যমে অতিরিক্ত ৩ কোটি পরিবারকে নতুন গৃহ প্রদানের জন্য সরকারের গ্রহণ করা সিদ্ধান্তের বিষয়ে জানান । আয়ুষ্মান ভারত প্রকল্পের অধীনে সরকার ৭০ বছর উর্দ্ধের ৬ কোটি প্রবীন নাগরিককে স্বাস্থ্য বীমা প্রদানের সিদ্ধান্তের কথা ও রাষ্ট্রপতি উল্লেখ করেন । সরকার যুব সম্প্রদায়ের জন্য শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির বিষয়ে অগ্রাধিকার দিচ্ছে বলে উল্লেখ করে তিনি বলেন যে দেশের শীর্ষ ৫০০ টি কোম্পানীতে ১ কোটি যুবক যুবতীকে প্রশিক্ষণের ব্যবস্থা করে দিয়েছে ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণ আগামীকাল লোকসভায় ২০২৫-২৬ অর্থ বছরের সাধারণ বাজেট উত্থাপন করবেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের গ্রহণ করা সিদ্ধান্ত অনুযায়ী গতবছরগুলির মতো এবারো পৃথক কোনো রেল বাজেট উত্থাপন করা হবেনা ।মূল কেন্দ্রীয় বাজেটে অর্থমন্ত্রী শ্রীমতী সীতারমণ রেল বিভাগের জন্য পরবর্তী অর্থবছরের আয় ব্যয়ের খতিয়ান ও প্রকল্প তুলে ধরবেন ।আগামীকাল শ্রীমতী সীতারণের বাজেট দাখিলের সময় প্রদত্ত ভাষন আকাশবানী সরাসরি প্রচার করবে ।

এদিকে কেন্দ্রীয় মন্ত্রী শ্রীমতী সীতারমণ আজ রাষ্ট্রপতির ভাষণের পর লোকসভায় অর্থনৈতিক সমীক্ষা দাখিল করেন । এই অর্থনৈতিক সমীক্ষায় চলতি অর্থ বছরে দেশের প্রকৃত মোট ঘরোয়া উৎপাদন ৬ দশমিক ৪ শতাংশে বৃদ্ধি হোয়া সহ ২০২৬ অর্থ বছরে বিকাশের হার ৬ দশমিক তিন থেকে ৬ দশমিক ৮ শতাংশের মধ্যে হবে বলে আশা করা হচ্ছে ।

--------------------------------------------------------------------------------

সংসদের বাজেট অধিবেশন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য প্রাপ্তির ক্ষেত্রে নতুন আত্মবিশ্বাস ও শক্তির সঞ্চার করবে । সংসদের বাজেট অধিবেশনের পূর্বে আজ সাংবাদিকদের সঙ্গে কথা বার্তার সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে ২০৪৭ সালে যখন ভারত স্বাধীনতা লাভ করার ১০০ বছর সম্পূর্ণ করবে তখন বিকশিত ভারতের লক্ষ্যও প্রাপ্তি হবে । তিনি বলেন যে জনসাধারণ তাঁর সরকারকে তৃতীয়বারের জন্য দেশের শাসনভার গ্রহণের দায়িত্ব দিয়েছে এবং এটি হবে তাঁর তৃতীয় শাসনকালের

প্রথম সম্পূর্ণ বাজেট । প্রতিবারের মতো এবারের বাজেট অধিবেশনে বহু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হবে ।

---

গৌহাটী মহানগরের পুলিশ অপরাধ শাখার সাইবার গোষ্ঠী আজ সাইবার অপরাধের মামলায় চারজন অভিযুক্তকে গ্রেপ্তার করেছে । দিল্লীর সাইবার সেলের তথ্যের ভিত্তিতে সহকারী পুলিশ আয়ুক্ত দীপক দাসের নেতৃত্বে অভিযান চালিয়ে জোন রহমান ,জ্যোতি দাস , আমীর আলী ও রোহিত বর্মণকে পুলিশ গ্রেপ্তার করা হয় । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে দিল্লীর সাইবার অপরাধী চক্রকে অর্থের লেনদেনের জন্য এই চারজন অভিযুক্ত তথ্য সরবরাহ করেছিলো । এদিকে দিসপুর পুলিশের সহযোগীতায় আজ কর্ণাটক পুলিশ গৌহাটীতে অভিযান চালিয়ে সাইবার অপরাধের সঙ্গে জড়িত থাকার অভিযোগে রাহুল রায় নামের অন্য একজন যুবককে গ্রেপ্তার করে ।

---

রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ আহোম জনগোষ্ঠীর লোকেদের পবিত্র অনুষ্ঠান মে ডাম মে ফি পরম্পরাগত রীতিনীতির মাধ্যমে পালন করা হয় । রাজ্য সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে ও চরাইদেউ জেলা প্রশাসন তথা বৃহত্তর কেন্দ্রীয় মে ডাম মে ফি উদযাপন সমিতির সহযোগীতায় চরাইদেউ পি এম শ্রী সাপেখাতী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে কেন্দ্রীয়ভাবে মে ডাম মে ফি উদযাপন করা হয় । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী বিমল বরা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের সরকারী চিকিৎসালয়গুলিতে আগামী ১৫ ফেব্রুয়ারী থেকে রোগীকে প্রদান করা প্রেসক্রিপসনে একটি হোয়াটস অ্যাপ নাম্বার সন্নিবিষ্ট করা হবে । রোগীরা প্রেসক্রিপসনে লিখে দেওয়া ঔষধ সংশ্লিষ্ট চিকিৎসালয়ে না পেলে এই নম্বরে অভিযোগ দাখিল করতে পারবেন এবং সে অনুযায়ী কর্তৃপক্ষ ব্যাবস্থা গ্রহণ করবেন । স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহল গতকাল শ্রীভূমি সিভিল হাসপাতাল পরিদর্শন করে একথা ঘোষনা করেন । তিনি বলেন যে সরকার সরকারী হাসপাতালগুলিতে পর্যাপ্ত পরিমাণে সব ঔষধ সরবরাহ করা হয় । সেক্ষেত্রে রোগীরা সব ঔষধ বিনামূল্যে চিকিৎসালয় থেকে লাভ করেন । একাংশ চিকিৎসক ঔষধের নাম পরিবর্তন করে লেখার জন্য কিছু ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয় বলে মন্ত্রী জানান । তিনি বলেন যে এধরণের অসুবিধার প্রতি লক্ষ্য রেখে আগামী ১৫ ফেব্রুয়ারী থেকে প্রেসক্রিপসনে একটি নম্বর সন্নিবিষ্ট করা হবে এবং

রোগী ঔষধ না পেলে সেই নম্বরে প্রেসক্রিপসনের ফটো সহ অভিযোগ করতে পারবেন । সরকার সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে ।

-----------------------------------------------------------------------------------

উত্তরাখন্ডের দেরাদুনে আয়োজিত ৩৮ তম জাতীয় ক্রীড়া সমারোহে আসামের খেলোয়াড়রা বেশ কয়েকটি পদক অর্জন করতে সক্ষম হয়েছে । আজ ভারোত্তলনের ৬৭ কিলোগ্রাম শাখায় সিদ্ধান্ত গগৈ ব্রোঞ্জের পদক লাভ করেছে । মহিলাদের সাঁতারে ৮০০ মিটার ফ্রি স্টাইল শাখায় শুব্রনশিনি প্রিয়দর্শিনী রূপার পদক অর্জন করতে সক্ষম হয়েছে । উল্লেখ্য আসাম গতকাল উশু খেলার মাধ্যমে এবারের জাতীয় ক্রীড়ায় প্রথম পদক অর্জন করে । একইভাবে মহিলার ৪৫ কিলোগ্রাম শাখায় প্রিয়া বড়ো , ৭৫ কিলোগ্রাম শাখায় খুদ্রা পাং য়িং এবং ৫৬ কিলোগ্রাম শাখায় এলিনা রাভা সেমিফাইনালে প্রবেশ করে তিনটি পদক নিশ্চিত করেছে ।

-----------------------------------------------------------------------------------

আগামী ২৪ শে ফেব্রুয়ারী প্রায় ৭ হাজার ৫০০ জন শিল্পী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সম্মুখে গৌহাটীর সরুসজাই স্টেডিয়ামে ঝুমুর নৃত্য পরিবেশন করবে । এই মেগা ইভেন্টের জন্য জেলায় জেলায় প্রশিক্ষণ চলছে । হাইলাকান্দি এস এস কলেজের খেলার মাঠে আয়োজিত ঝুমুর বিনোদিনী কর্মশালা আজ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহল উপস্থিত থাকেন । তিনি ঝুমুর শিল্পীদের সঙ্গে মত বিনিময় করা সহ সব সুযোগ সুবিধার খোঁজ নেন । মন্ত্রীর সঙ্গে হাইলাকান্দির বিধায়ক জাকির হুসেন লস্কর ,জেলা বিজেপি সভাপতি কল্যাণ গোস্বামী ,বিজেপি নেত্রী মুন স্বর্ণকার ও অতিরিক্ত আয়ুক্ত দীপমালা গোয়ালা উপস্থিত ছিলেন । এদিকে মন্ত্রী অশোক সিংহল জানান যে।.... বাইট

-----------------------------------------------------------------------------------

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান এবং জলসেচ বিভাগের মন্ত্রী অশোক সিংহল আজ কাছাড় জেলার স্বাস্থ্য পরিষেবা খতিয়ে দেখেন । জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে আয়োজিত পর্য্যালোচনা বৈঠকে মন্ত্রী শ্রী সিংহল জানান যে রাজ্যের সব হাসপাতালে ৯৯ শতাংশ জরুরী ঔষধের মজুত রয়েছে । স্বাস্থ্য ক্ষেত্রে স্বচ্চতা ও কার্য্যকারিতা বাড়াতে মন্ত্রী শ্রী সিংহল ৯৮৬৪৫ ৪১৪৩০ নম্বরের একটি হোয়াটসঅ্যাপ নম্বর চালু করেছেন । যেখানে সাধারন মানুষ ঔষধের ঘাটতির অভিযোগ জানাতে পারবেন ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা ক্রীড়া আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শ্রীভূমি জেলায় জেলা ভিত্তিক খেল মহারনের দ্বিতীয় পর্বের প্রতিযোগীতা আগামী ৬ই ফেব্রুয়ারী থেকে শুরু হবে । খেল মহারনের প্রথম দিন সকাল ১০টা থেকে জেলা ক্রিড়া সংস্থার মাঠে কাবাডি ,ফুটবল ,ভলিবল , সাইক্লিং ,অ্যাথেলেটিক্স ও দাবা প্রতিযোগীতা অনুস্টিত হবে ।

-----------------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের বার্ষিক ক্রীড়া উৎসব আজ শেষ হয়েছে । সুভাষনগর অগ্রনী ক্লাবের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজ শেষ দিন ছেলে ও মেয়েদের উভয় বিভাগের ফুটবল ও কাবাডি প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । বার্ষিক ক্রীড়া উৎসব সফল ভাবে সম্পন্ন করতে কলেজের ছাত্র-ছাত্রীদের পাশাপাশি অধ্যাপক-অধ্যাপিকা সহ অন্যান্য কর্মচারীরাও উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং শালগঙ্গার ব্রজ্যদিত্য সেবা সংস্থার ব্যবস্থাপনায় আগামী তেসোরা ফেব্রুয়ারী লারসিং মূখের পানগ্রাম সাব সেন্টারে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির শুরু হবে সকাল ১০টায় ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগেও আগামী দোসরা ফেব্রুয়ারী এন আই সংলগ্ন বারিকনগর ভিশন সেন্টারে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুস্টিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

-----------------------------------------------------------------------------------------